অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/11/2023 **গভর্নর ক্যাথি হোকল**

ভেটেরান দিবসের সম্মানে, গভর্নর হোকল আমাদের দেশের জন্য দায়িত্ব পালন করা নিউ ইয়র্কবাসীদের আখ্যা দিয়ে স্বীকৃতি জানাতে বিধিমালায় স্বাক্ষর করলেন

S.6898A/A.5039A মেজর জেনারেল নর্বার্ট জে. র‍্যাপল মেমোরিয়াল হাইওয়ের নামকরণ করে

S.4900A/A.5261A সার্জেন্ট এলাইজাহ এ. ব্রিগস মেমোরিয়াল হাইওয়ের নামকরণ করে

S.4899A/A.5314A চিফ ড্যানিয়েল নিমহ্যাম মেমোরিয়াল হাইওয়ের নামকরণ করে

S.4897A/A.5315A কর্পোরাল ডেরিক ফ্র্যাঙ্কলিন ব্রিঙ্কারহফ মেমোরিয়াল হাইওয়ের নামকরণ করে

S.7070/A.7415 SP4 জর্জ হ্যারোল্ড ফ্রাই মেমোরিয়াল হাইওয়ের নামকরণ করে

S.2905/A.4033 ল্যান্স কর্পোরাল স্কট লি শুলজ মেমোরিয়াল ব্রিজের নামকরণ করে

S.6579A/A.6624A স্পেশালিস্ট জেরাল্ড বি. পেন মেমোরিয়াল ব্রিজের নামকরণ করে

S.6580/A.6567 স্পেশালিস্ট পিটার জে. লোরেটো মেমোরিয়াল ব্রিজের নামকরণ করে

S.4085A/A.5814A জন জে হাই স্কুল ভেটেরান মেমোরিয়াল হাইওয়ের নামকরণ করে

S.5834/A.5673 ক্যাথোলিক ওয়ার ভেটেরান মেমোরিয়াল হাইওয়ের নামকরণ করে

S.5394A/A.119A ইরাক যুদ্ধের স্মারক মেডেল প্রতিষ্ঠা করে

S.5372A/A.121A আফগানিস্তান যুদ্ধের স্মারক মেডেল প্রতিষ্ঠা করে

গভর্নর ক্যাথি হোকল আজকে পুরো স্টেটের ভেটেরানদের সম্মানে নিউ ইয়র্ক স্টেটের হাইওয়ে সিস্টেমের কিছু অংশের নাম পরিবর্তনের মাধ্যমে তাদের দায়িত্বের স্মৃতিচিহ্ন স্থাপন করতে

বিধিমালায় স্বাক্ষর করলেন। এছাড়াও গভর্নর হোকল বিধিমালার দুইটি অংশে স্বাক্ষর করেন যা স্মারক মেডেল প্রতিষ্ঠা করে; একটি ইরাক যুদ্ধের জন্য এবং অন্যটি আফগানিস্তান যুদ্ধের জন্য।

"আমাদের ভেটেরানগণ সম্মানের সাথে দায়িত্ব পালন করেছেন, এবং এই উৎসর্গ ও নতুন স্মারক তাদের লিগেসিকে পাকাপোক্ত করবে এবং আমাদের স্বাধীনতা রক্ষায় তারা যেই আত্মত্যাগ করেছেন তা যাতে আমরা সর্বদা মনে রাখি সেটি নিশ্চিত করবে," **গভর্নর হোকল বলেন।**
"আমি আশা করছি যে এই রাস্তাগুলির যেকোনো একটি অতিক্রম করার সময় নিউ ইয়র্কবাসীরা প্রতিবার সেই আত্মত্যাগের কথা স্মরণ করবে যাতে এই বীরেরা আগামী বহু বছর ধরে এর মধ্যে বেঁচে থাকতে পারে।"

S.6898A/A.5039A মনরো কাউন্টির আরান্ডেকয়েট টাউনের স্টেট হাইওয়ে সিস্টেমের একটি অংশকে মেজর জেনারেল নর্বার্ট জে. র্যাপল মেমোরিয়াল হাইওয়ে হিসেবে নামকরণ করে। মেজর জেনারেল র্যাপল কোরিয়ান যুদ্ধের একজন ভেটেরান এবং সারাজীবন তিনি আরান্ডেকয়েটে বাস করেছেন।

স্টেটের সিনেটর সামরা ব্রোক বলেন, "মেজর জেনারেল নর্বার্ট জে. র্যাপলের তার 35 বছরের সামরিক বাহিনীর ক্যারিয়ার, তার আস্থা ও আধ্যাত্মিক সম্প্রদায়ের প্রতি তার প্রতিশ্রুতি, এবং স্থানীয় সংগঠনসমূহ ও ভেটেরানদের গোষ্ঠীতে স্বেচ্ছাসেবক হিসেবে তার ধারাবাহিক কাজ গ্রেটার রচেস্টার এলাকায় একটি দীর্ঘস্থায়ী প্রভাব ফেলেছে। আমাদের সম্প্রদায়, স্টেট, ও দেশের জন্য দায়িত্ব প্ল্যান করতে অনুপ্রাণিত হলে আমরা যে নিজেদের সেরা কাজটি করতে পারি, তার কর্মকাণ্ড তার প্রতীকস্বরূপ। আমাদের অঞ্চলে মেজর জেনারেল র্যাপলের লিগেসিকে সম্মান জানানো নিশ্চিত করতে গভর্নর হোকল, অ্যাসেম্বলি সদস্য সারাহ ক্লার্ক, এবং সরকারের অন্যান্য অংশীদারদের সাথে কাজ করতে পেরে আমি সম্মানিত হয়েছি।"

অ্যাসেম্বলি সদস্য সারাহ ক্লার্ক বলেন, "মেজর জেনারেল নর্বার্ট র্যাপল তার পরিবার, তার দেশ, এবং তার সম্প্রদায়ের জন্য নিজের জীবন উৎসর্গ করেছেন। গ্রেটার রচেস্টারের সম্পূর্ণ এলাকাজুড়ে তার লিগেসি স্পষ্ট, তিনি ছিলেন আরান্ডেকয়েট রোটারি ক্লাবের (Rotary Club of Irondequoit) একজন চারটার সদস্য, ক্রিস্ট দ্য কিং চার্চের (Christ the King Church) একজন প্রতিষ্ঠাতা সদস্য, এবং সেই সাথে রয়েছে ভেটেরান, সেবা সংগঠন এবং শিল্পগোষ্ঠী প্রতি তার বহু দশকের সেবা। বহু বছর ধরে মার্কিন আর্মি রিজার্ভ 98তম ডিভিশনের (US Army Reserve 98th Division) কমান্ডিং জেনারেল হিসেবে তিনি রচেস্টারে দায়িত্বরত হাজার হাজার সৈন্যের প্রশিক্ষণে সাহায্য করেছেন। NY-590 এর এই অংশকে মেজর জেনারেল নর্বার্ট জে. র্যাপলে মেমোরিয়াল হাইওয়ে হিসেবে নামকরণ করার বিধিমালা উপস্থাপন করতে পেরে আমি গর্বিত। তার প্রিয় জন্মভূমি আরান্ডেকয়েটে প্রবেশ করার সময় বাসিন্দা ও ভ্রমণকারী সকলকে যাতে তার নাম ও লিগেসি চিরদিন সম্ভাষণ জানাতে পারে তা আমরা নিশ্চিত করেছি।"

S.4900A/A.5261A ডাচেস কাউন্টির ফিশকিল টাউনে স্টেট রুট 9 এর নাম পরিবর্তন করে সার্জেন্ট এলাইজাহ এ. ব্রিগস মেমোরিয়াল হাইওয়ে নামটি প্রদান করে। সার্জেন্ট ব্রিগস সিভিল ওয়ারের সময় ইউনিয়ন আর্মিতে লড়াই করেছেন এবং দায়িত্বরত অবস্থায় আহত হওয়ার পর

থাকে কংগ্রেসনাল মেডেল অফ অনার প্রদান করা হয়। সম্মানের সাথে ডিসচার্জ পাওয়ার পর সার্জেন্ট ব্রিগস ফিশকিলে তার পরিবার বড় করেন।

S.4897A/A.5315 ডাচেস কাউন্টির ফিশকিল টাউনে স্টেট রুট 82 এর নাম পরিবর্তন করে কর্পোরাল ডেরিক ফ্র্যাঙ্কলিন ব্রিঙ্কারহফ মেমোরিয়াল হাইওয়ে নামটি প্রদান করে। 1948 সালে মেরিন কর্পসে নাম লেখানোর সময় কর্পোরাল ব্রিঙ্কারহফ ছিলেন ফিশকিলের একজন বাসিন্দা। 1950 সালে কোরিয়ান যুদ্ধের সময়, পুসানের যুদ্ধে তিনি প্রাণ হারান। কর্পোরাল ব্রিঙ্কারহফকে পরবর্তীতে তার আত্মত্যাগের জন্য পার্পল হার্ট প্রদান করা হয়।

S.4899A/A.5314A ডাচেস কাউন্টির ফিশকিল টাউনে স্টেট রুট 52 এর নাম পরিবর্তন করে চিফ ড্যানিয়েল নিমহ্যাম মেমোরিয়াল হাইওয়ে নামটি প্রদান করে। চিফ নিমহ্যাম ছিলেন ওয়াপিঙ্গার পিপলের চিফ এবং তিনি আমেরিকান রিভোলুশনের সময় আমেরিকান পক্ষে যোগদান করেন। চিফ নিমহ্যাম যুদ্ধে প্রাণ হারান।

স্টেটের সিনেটর রব রলিসন বলেন, "ফিশকিলের মানুষের জন্য এবং সম্পূর্ণ হাডসন ভ্যালি সম্প্রদায়ের জন্য আজকে একটি গর্বের দিন। একজন আদিবাসী পুত্র, পার্পল হার্ট প্রাপক, এবং বীরযোদ্ধাকে ভবিষ্যৎ প্রজন্মের প্রশংসা, সম্মান, ও অনুকরণের জন্য প্রতীক হিসেবে স্থাপন করা হবে। কর্পোরাল ব্রিঙ্কারহফ অতুলনীয় সম্মান ও সাহসিকতার সাথে নিজেদের দেশের জন্য দায়িত্ব পালন করেছেন। যদিও আমরা কখনোই তার, বা আমাদের সকল সাহসী ভেটেরানদের আত্মত্যাগের সম্পূর্ণ প্রতিদান দিতে পারবো না, আমরা তাদের লিগেসিকে স্বীকৃতি জানানো অব্যাহত রাখতে পারি। আজকে এই বিধিমালাকে আইন হিসেবে স্বাক্ষর করার মাধ্যমে আমাদেরকে ঠিক তাই করতে সাহায্য করার জন্য আমি গভর্নর হোকলের প্রতি কৃতজ্ঞ।"

S.7070/A.7415 জেনেসি কাউন্টি করা রুট 63 এর একটি টাউনের স্টেট হাইওয়ে সিস্টেমের একটি অংশকে SP4 জর্জ হ্যারোল্ড ফ্রাই মেমোরিয়াল হাইওয়ে হিসেবে নামকরণ করে। স্পেশালিস্ট ফোর ফ্রাই ভিয়েতনামে মার্কিন যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীতে দায়িত্ব পালন করেন। SP4 1969 সালে 996 হিলে রেডিও ট্রান্সমিশন অফিসের দায়িত্ব পালনের সময় প্রাণ হারান, তার কাজ তার ইউনিটের অন্য বহু সদস্যের জীবন রক্ষা করে। তার দায়িত্বের জন্য, তাকে মরণোত্তর সিলভার ও ব্রোঞ্জ স্টার মেডেল প্রদান করা হয়।

স্টেট সিনেটর জর্জ এম. বোরেলো বলেন, "এই বিধিমালা স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে এবং স্পেশালিস্ট ফ্রাইকে সম্মান জানানোর এই বিলটির সহস্পন্সর করার জন্য অ্যাসেম্বলিম্যান স্টিভ হাউলিকে আমি ধন্যবাদ জানাতে চাই। আমাদের স্বাধীনতার জন্য নিজেদের জীবন উৎসর্গ করা সাহসী নারী পুরুষদের বীরত্ব ও দায়িত্ব পালনকে স্মরণ করা গুরুত্বপূর্ণ। স্পেশালিস্ট ফ্রাই একজন অলঙ্কৃত কম্ব্যাট ভেটেরান যিনি নিজের দেশের জন্য দায়িত্ব পালন করতে নিজের জীবন দিয়েছেন। এখন তার বহুবার যাত্রা করা এই রাস্তাটি আমাদের সকলকে এই কথা স্মরণ করিয়ে দিবে যে স্বাধীনতা বিনামূল্যে পাওয়া যায় না। স্পেশালিস্ট ফ্রাইয়ের মতো মানুষের নিঃস্বার্থ সাহসিকতার মাধ্যমে এটিকে রক্ষা করতে হয়।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভ হাউলি বলেন, "একজন সেনাবাহিনীর ভেটেরান এবং ভেটেরান অ্যাফেয়ার্স কমিটির (Veterans Affairs Committee) সদস্য হিসেবে, ওয়েস্টার্ন নিউ ইয়র্কের সর্বাপেক্ষা সাহসীদের একজন, স্পেশালিস্ট জর্জ হ্যারোল্ড ফ্রাইকে স্বীকৃতিদান করা এই প্রস্তাবনাটি স্পন্সর করতে পেরে আমি সম্মানিত হয়েছি। স্মরণীয় করা যথোপযুক্ত হয়েছে দায়িত্ব পালনকারীদের আমরা যখন ভেটেরান দিবসে স্মরণ করছি সেই সময়ে এই হাইওয়েকে। আগামী বহু প্রজন্মের জন্য SP4 জর্জ হ্যারোল্ড ফ্রাই মেমোরিয়াল হাইওয়ে স্পেশালিস্ট ফ্রাইয়ের বীরত্ব ও তার দেশ ও স্বাধীনতার প্রতি তার প্রতিশ্রুতির একটি প্রমাণ হয়ে টিকে থাকবে।"

S.2905/A.4033 এক্সেস কাউন্টির চেস্টারফিল্ড টাউনে ইন্টারস্টেট 87 এর উপর দিয়ে অতিক্রম করা রুট 22 এর ব্রিজকে ল্যান্স কর্পোরাল স্কট লি শুলজ মেমোরিয়াল ব্রিজ হিসেবে নামকরণ করে।

S.6579A/A.6624A ইরি কাউন্টির বস্টন টাউনে শেরো রোডের উপর দিয়ে অতিক্রম করা রুট 219 এর একটি অংশকে স্পেশালিস্ট জেরাল্ড বি. পেন মেমোরিয়াল ব্রিজ হিসেবে নামকরণ করে। স্পেশালিস্ট পেন ভিয়েতনাম যুদ্ধের সময় মার্কিন সেনাবাহিনীতে দায়িত্ব পালন করেন এবং তিনি ন্যাশনাল ডিফেন্স সার্ভিস মেডেল, ভিয়েতনাম সার্ভিস ব্রোঞ্জ স্টার মেডেল, এবং ভিয়েতনাম ক্যাম্পেইন মেডেল অর্জন করেছেন।

S.6580/A.6567 ইরি কাউন্টির ইডেন টাউনে এইটিন মাইল ক্রিকের উপর দিয়ে অতিক্রম করা রুট 75 এর ব্রিজকে স্পেশালিস্ট পিটার জে. লোরেটো মেমোরিয়াল ব্রিজ হিসেবে নামকরণ করে। স্পেশালিস্ট লোরেটো ভিয়েতনাম যুদ্ধের সময় মার্কিন সেনাবাহিনীতে দায়িত্ব পালন করেন এবং তিনি ন্যাশনাল ডিফেন্স সার্ভিস মেডেল অর্জন করেছেন।

স্টেটের সিনেটর প্যাট্রিক গালিভান বলেন, "স্পেশালিস্ট পেন এবং স্পেশালিস্ট লোরেটো ভিয়েতনামে বীরত্বের সাথে নিজেদের দেশের জন্য দায়িত্ব পালন করেছেন। তাদের সম্মানে এই হাইওয়ে ব্রিজের নামকরণ এই অলঙ্কৃত ভেটেরানদের প্রতি শ্রদ্ধা নিবেদন করে এবং তাদের দায়িত্ব পালন ও আত্মত্যাগ যাতে কখনো ভুলে না যাওয়া হয় তা নিশ্চিত করে।"

S.4085A/A.5814A ওয়েস্টচেস্টার কাউন্টির লুইসবরো টাউনে স্টেট রুট 121 এর একটি অংশকে আমাদের দেশের জন্য দায়িত্ব পালনে প্রাণ হারানো জন জে হাই স্কুলের শিক্ষার্থীদের সম্মানে জন জে হাই স্কুল ভেটেরান মেমোরিয়াল হাইওয়ে হিসেবে নামকরণ করা হয়েছে। প্রাইভেট ফার্স্ট ক্লাস কেনেথ রিচার্ড জ্যাকোনেটি, লেফটেন্যান্ট কমোডোর জর্জ রাসেল ম্যাথুস, প্রাইভেট ফার্স্ট ক্লাস ফিলিপ গ্র্যান্ট চিপচেজ,ল্যান্স কর্পোরাল হাওয়ার্ড জে. আলাইমো, কর্পোরাল জেমস জে. জ্যাকোস্কি, এবং কর্পোরাল বার্ট ডি. করকরান।

স্টেটের সিনেটর পিট হারখ্যাম বলেন, "এই বিধিমালায় স্বাক্ষর করার জন্য আপনাকে ধন্যবাদ, গভর্নর হোকল। লুইসবরো টাউনে রুট 121 এর একটি অংশকে 'জন জে হাই স্কুল ভেটেরান মেমোরিয়াল হাইওয়ে' নামটি প্রদান করা একটি সম্প্রদায়ব্যাপী প্রয়াস ছিলো যা নিশ্চিত করবে যাতে আমাদের দেশের সেবায় প্রাণ হারানো ছয়জন অ্যালামনাইয়ের কথা সর্বদা মনে রাখা হয়। এছাড়াও এটি সামরিক বাহিনীর সদস্য এবং তাদের পরিবার ও প্রিয়জনেরা যেই

আত্মত্যাগ করে তা স্মরণ করিয়ে দেয়। আমরা যখনই আমাদের ভেটেরানদের বীরত্ব ও সাহসিকতার স্মারক প্রদান করি তখনই আমরা আরো উত্তম হয়ে উঠি, কারণ আমরা জানি যে তাদের সাহস ও কর্ম আমাদের সকলের জন্য অনুকরণীয় উদাহরণ হয়ে আছে।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস বার্ডিক বলেন, "আমাদের দেশের জন্য দায়িত্ব পালনের সময় প্রাণ হারানো জন জে হাই স্কুলের অ্যালামনাইয়ের প্রতি আমাদের কৃতজ্ঞতা প্রকাশ করে শেষ করা যাবে না, কিন্তু এই রাস্তার নাম পরিবর্তনের মাধ্যমে আমরা নিশ্চিত করেছি যাতে তাদের স্মৃতি কখনো ভুলে না যাওয়া হয়। এই বিধিমালা পাশ করানোর জন্য গ্র্যান্ট ভিয়ালার্ডি এবং লুইসবরো ভেটেরান উপদেষ্টা কমিটির (Lewisboro Veterans Advisory Committee) অনুপ্রেরণা ও সহায়তার জন্য তাদের প্রতি আমার ধন্যবাদ রইলো।"

S.5834/A.5673 অরেঞ্জ কাউন্টির স্টেট হাইওয়ে সিস্টেমের একটি অংশের নাম পরিবর্তন করে ক্যাথোলিক ওয়ার ভেটেরান মেমোরিয়াল হাইওয়ে করে।

স্টেটের সিনেটর জেমস স্কোফিস বলেন, "অরেঞ্জ কাউন্টিতে ক্যাথোলিক ওয়ার ভেটেরান মেমোরিয়াল হাইওয়ের নামকরণের মাধ্যমে, আমরা নিশ্চিত করছি যাতে আমাদের বহু স্থানীয় ভেটেরানের লিগেসি বেঁচে থাকে। আমাদের বিলটি স্বাক্ষর করার জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

অ্যাসেম্বলি সদস্য ক্রিস্টোফার ইকাস বলেন, "ভেটেরান দিবস আমাদেরকে মার্কিন যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর সেই সাহসী নারী পুরুষের ব্যাপারে বাস্তব অর্থে প্রতিফলন ও স্বীকৃতি প্রদান করার সময় দেয় যারা আমরা যেই স্বাধীনতা উপভোগ করছি তার জন্য দায়িত্ব পালন করেছেন এবং মহান আত্মত্যাগ করেছেন। আমার জেলার জন্য, ক্যাথোলিক ওয়ার ভেটেরান মেমোরিয়াল হাইওয়ের নামকরণ করার A5673 বিলটি হলো আমাদের সম্প্রদায়সমূহের জন্য এইসব এবং ন্যানি গোষ্ঠীর ইতিবাচক প্রভাবকে সম্মান জানানোর একটি ক্ষুদ্র কিন্তু শক্তিশালী উপায়। এই বিলের গুরুত্ব উপলব্ধি করার জন্য এবং নিউ ইয়র্কের সকল ভেটেরানের প্রতি তার স্পষ্ট প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

S.5394A/A.119A সামরিক বাহিনীর সেই সদস্যদের জন্য ইরাক যুদ্ধের স্মারক মেডেল স্থাপন করে যারা 20 মার্চ, 2003 থেকে 31 ডিসেম্বর, 2021 পর্যন্ত ইরাক যুদ্ধে দেশের বাইরে দায়িত্ব পালন করেছে।

S.5372A/A.121A সামরিক বাহিনীর সেই সদস্যদের জন্য আফগানিস্তান যুদ্ধের স্মারক মেডেল স্থাপন করে যারা 7 অক্টোবর, 2001 থেকে 30 আগস্ট, 2021 পর্যন্ত আফগানিস্তান যুদ্ধে দেশের বাইরে দায়িত্ব পালন করেছে।

অ্যাসেম্বলি সদস্য উইলিয়াম ম্যাগনারেলি বলেন, "ইরাক এবং আফগানিস্তান যুদ্ধের ভেটেরানগণ বীরত্ব ও সাহসিকতার সাথে দায়িত্ব পালন করেছে। নিউ ইয়র্ক স্টেটের স্মারক মেডেল এইসব যুদ্ধে দায়িত্ব পালনকারীদের স্বীকৃতি ও প্রশংসা প্রদান করে। তাদের দায়িত্ব পালন ও আত্মত্যাগের জন্য সকল ভেটেরানের স্বীকৃতি, এবং সেই সাথে স্বীকৃতি প্রাপ্য।"

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে এখানে www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন